গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
শিল্প ও সমন্বয়-৩ শাখা

স্মারক নং-২০.০৫.০০০০.৫১২.০৬.০০৫.২৪. ২৪৯ তারিখঃ ১৫ আষাঢ় ১৪৩৩ / ২৯ জুন ২০২৬

বিষয়ঃ শিল্প ও শক্তি বিভাগের মে ২০২৬ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

শিল্প ও শক্তি বিভাগের সদস্য (সচিব) মহোদয়ের সভাপতিত্বে গত ১৮/০৬/২০২৬ তারিখে অনুষ্ঠিত এ বিভাগের মাসিক সমন্বয় সভার অনুমোদিত কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৯/০৬/২০২৬
(মো: আবদুল লতিফ ডাকুয়া)
গবেষণা কর্মকর্তা
ফোনঃ ২২২২১৬৫৪২

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। যুগ্মপ্রধান (অতিরিক্ত সচিব), বস্ত্র, পাট, শ্রম ও কর্মসংস্থান উইং, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
২। যুগ্মপ্রধান, বিদ্যুৎ/ওজিএনআর/শিল্প ও সমন্বয়/ইএন্ডই/বস্ত্র, পাট, শ্রম ও কর্মসংস্থান উইং, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩। উপ-প্রধান, বিদ্যুৎ/ওজিএনআর/শিল্প ও সমন্বয়/ইএন্ডই/বস্ত্র, পাট, শ্রম ও কর্মসংস্থান উইং, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪। সিঃ সহকারী প্রধান/সহকারী প্রধান/গবেষণা কর্মকর্তা (সকল), শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, (ওয়েব-সাইটে প্রকাশের জন্য)।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
২। সদস্য মহোদয়ের একান্ত সচিব, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩। প্রধান (অতিরিক্ত সচিব) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পরিকল্পনা কমিশন

শিল্প ও শক্তি বিভাগ

শিল্প ও সমন্বয় উইং-৩

**বিষয়: শিল্প ও শক্তি বিভাগের জুন ২০২৬ -এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

**সভাপতি** : **ড. নূরুন্নাহার চৌধুরী,**
সদস্য (সচিব),
শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন।

**সভার স্থান** : শিল্প ও শক্তি বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক নং-১০, কক্ষ নং-৩)।

**সভার তারিখ ও সময়** : ১৮/০৬/২০২৬, বেলা ২.৩০ টা।

**সভার উপস্থিতি** : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি শিল্প ও শক্তি বিভাগের সকল কার্যক্রম সূচারুরূপে সম্পাদন করতে সকল কর্মকর্তাকে আন্তরিকতার সহিত কাজ করার আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে যুগ্মপ্রধান, শিল্প ও সমন্বয় উইং সভার আলোচ্যসূচি মোতাবেক বিষয়াবলী সংক্ষেপে উপস্থাপন করেন। সভায় উপস্থাপিত বিষয়াবলীর ওপর বিস্তারিত আলোচনা করা হয় এবং বিগত সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | ২৭ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ | ২৭ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী ইতোমধ্যে বিতরণ করা হয়েছে। এতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা যেতে পারে। | ২৭ জানুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। | -- |
| ২. | নিয়মিত সমন্বয় সভা আয়োজন | জানুয়ারি ২০২৬ এর পর এ পর্যন্ত সমন্বয় সভা অনুষ্ঠিত না হওয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। | প্রত্যেক মাসে ৩য় সপ্তাহের মধ্যে নিয়মিতভাবে সমন্বয় সভা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | শিল্প ও সমন্বয় উইং |
| ৩ | প্রকল্পের অগ্রগতি বিষয়ে আলোচনা | সকল উইং এর চলমান প্রকল্প, নতুন প্রকল্প, মেয়াদ বৃদ্ধি, অর্থ বরাদ্দ, উপযোজন প্রস্তাব এবং সমাপ্ত হবে এমন প্রকল্পের তালিকার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় জানানো হয় যে, | সমন্বয় সভায় শিল্প ও শক্তি বিভাগের বিভিন্ন ক্যাটাগরির (নতুন প্রকল্প, সংশোধন প্রস্তাব, মেয়াদ বৃদ্ধি ও সমাপ্ত) প্রকল্পের অর্থ বরাদ্দ, উপযোজন প্রস্তাব, প্রকল্প তালিকা আলাদাভাবে পৃথক ছকে উইং ভিত্তিক উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল উইং |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকার |
| --- | --- | --- | --- | --- |
| | | বিদ্যুৎ উইং ৩টি; তৈল, গ্যাস ও প্রাকৃতিক সম্পদ উইং ৮টি; বস্ত্র, পাট, শ্রম ও কর্মসংস্থান উইং ৩টি; ইঞ্জিনিয়ারিং এন্ড ইলেক্টনিক্স উইং এর ৩টি নতুন প্রকল্প পাওয়া গিয়াছে নতুন প্রকল্পের উপর বিস্তারিত আলোচনা হয়। | | |
| ৪ | অনুবিভাগ কর্তৃক গৃহিত কার্যক্রম | অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন প্রকল্পের ওপর বিস্তারিত আলোচনা হয়। | **সিদ্ধান্ত:**<br>(ক) প্রাপ্ত প্রকল্প প্রস্তাবের ওপর গৃহীত ব্যবস্থা সম্পর্কে হালনাগাদ তথ্য নির্ধারিত ছকে প্রতি মাসের ৫ তারিখের মধ্যে যথারীতি শিল্প ও সমন্বয় শাখা-৩ এ প্রেরণ করতে হবে।<br>(খ) পিইসি সভার কার্যবিবরণী, মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত প্রকল্প প্রস্তাব এবং অন্যান্য প্রস্তাবের ওপর অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর খসড়া ৩ (তিন) কার্যদিবসের মধ্যে পেশ করত হবে।<br>(গ) পিইসি সভা অনুষ্ঠানের পর পরিপত্রে উল্লেখিত নির্ধারিত সময়ের মধ্যে পুনর্গঠিত ডিপিপি/আরডিপিপি পাওয়া না গেলে পরিপত্রের বিধান উল্লেখপূর্বক মন্ত্রণালয়/বিভাগকে পত্র প্রেরণ করতে হবে।<br>(ঘ) মন্ত্রণালয়/বিভাগকে প্রকল্প সম্পর্কিত পত্র প্রেরণের ক্ষেত্রে নির্ধারিত তারিখের মধ্যে জবাব প্রেরণের বিষয়টি পত্রে উল্লেখ করতে হবে।<br>(ঙ) দীর্ঘদিন যাবত অনিষ্পন্ন প্রকল্পসমূহের মেয়াদ শেষ হয়ে গেছে কিন্তু প্রক্রিয়াকরণ করা হয়নি এরুপ প্রকল্পের তালিকা প্রণয়ন করতে হবে। সংশ্লিষ্ট দপ্তরকে এ বিষয়ে পত্র দিতে হবে।<br>(চ) পেন্ডিং প্রকল্প গুলো কোথায় কত দিন পেন্ডিং আছে সে তালিকা প্রস্তুত করতে হবে। | সকল অনুবিভাগ |
| ৫ | প্রশিক্ষণ সংক্রান্ত | শিল্প ও শক্তি বিভাগে প্রতিনিয়ত কর্মকর্তা পদায়ন ও বদলী হওয়ায় বিভাগের কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা প্রদান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়াও | (ক) কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি ও প্রকল্প সংক্রান্ত বিষয়ে সম্যক ধারণা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক learning session আয়োজন করার জন্য পত্র দিতে হবে।<br>(খ) পরিকল্পনা বিভাগকে এ বিভাগের কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজনে অর্থায়ন/বরাদ্দ প্রদানের অনুরোধ করে পত্র দিতে হবে। | শিল্প ও সমন্বয় উইং |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | প্রকল্প সম্পর্কে বিভিন্ন কার্যাবলী যেমন: প্রকল্প প্রক্রিয়াকরণ, সংশোধন/মেয়াদ বৃদ্ধি ইত্যাদি বিষয়ে যথাযথভাবে কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রকল্পের কারিগরি ও বিভিন্ন বিষয়ে কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ এর বিষয়ে সভায় আলোচনা হয়। | | |
| ৬ | ডি-নথির মাধ্যমে নথি নিষ্পত্তিকরণ | ডি-নথির মাধ্যমে নথি নিষ্পত্তির হার বৃদ্ধির বিষয়ে সভায় আলোচনা হয়। ডি-নথির মাধ্যমে নথি নিষ্পত্তির হার বৃদ্ধির জন্যে সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা হয়। | (ক) ডি-নথির মাধ্যমে নথি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে এবং ক্রমান্বয়ে এ হার শতভাগে উন্নীত করতে হবে।<br>(খ) কার্যবিবরণী, আন্তঃমন্ত্রণালয় যোগাযোগ এবং সমন্বয় সংক্রান্ত যাবতীয় কার্যক্রম (পদায়ন, অবমুক্তি, অগ্রায়ন ও অন্যান্য প্রশাসনিক বিষয়াদি) ডি-নথির মাধ্যমে নিষ্পত্তি করতে হবে। | সকল অনুবিভাগ |
| ৭ | পিপিএস সফটওয়্যারের মাধ্যমে প্রকল্প প্রক্রিয়াকরণ | পিপিএস সফটওয়্যারের মাধ্যমে প্রকল্প প্রক্রিয়াকরণের হার বৃদ্ধির বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি সকল প্রকল্প পিপিএস সফটওয়্যারের মাধ্যমে প্রক্রিয়াকরণের জন্য নির্দেশনা প্রদান করেন। | সকল প্রকল্প প্রস্তাব পিপিএস সফটওয়্যারের মাধ্যমে প্রক্রিয়াকরণ করতে হবে। বিশেষ করে নতুন প্রকল্পসমূহ আবশ্যিকভাবে পিপিএস সফটওয়্যারের মাধ্যমে প্রক্রিয়াকরণ করতে হবে। প্রকল্পের পিইসি সভার নোটিশের কপি পরিকল্পনা বিভাগের আইসিটি সেল-এ প্রেরণ করতে হবে। | সকল অনুবিভাগ |
| ৮ | প্রকল্প পরিদর্শন | নিয়মিত প্রকল্প পরিদর্শনের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। প্রকল্প পরিদর্শন ও পরিদর্শন প্রতিবেদন যথাসময়ে দাখিলের জন্য সভাপতি সকল কর্মকর্তাকে অনুরোধ জানান। | (ক) প্রকল্পের সংশোধন বা মেয়াদ বৃদ্ধির প্রস্তাব এর বিষয়ে মতামত প্রদানের ক্ষেত্রে প্রকল্প পরিদর্শনপূর্বক মতামত প্রদান করতে হবে।<br>(খ) মেয়াদ বৃদ্ধির বিষয় আইএমইডির সাথে পরিকল্পনআ কমিশনের অফিসার এক সাথে পরিদর্শনে যুক্ত করতে হবে। প্রকল্প সংশোধন/মেয়াদ বৃদ্ধির বিষয়ের আইএমইডি এর পাশাপাশি সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রকল্প পরিদর্শন করে মতামত প্রদান করতে হবে।<br>(গ) প্রকল্প পরিদর্শনের পরে পরিদর্শন রিপোর্ট ও মতামত ৩ কার্যদিবসের মধ্যে প্রদান করতে হবে। | সকল কর্মকর্তা |
| ৯ | নতুন প্রকল্প গ্রহন | শিল্প ও শক্তি বিভাগের কর্মকর্তাদের সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এ বিভাগের নিজস্ব একটি প্রকল্প প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা হয়। | শিল্প ও শক্তি বিভাগের কর্মকর্তাদের সক্ষমতা ও কর্মদক্ষতা বৃদ্ধির জন্য বিভাগের নিজস্ব একটি প্রকল্প গ্রহণ করতে হবে। | শিল্প ও সমন্বয় উইং |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১০ | বিবিধ | সভায় কর্মকর্তাগণের দাপ্তরিক কার্যক্রম পরিচালনায় সমস্যা নিরসনে করণীয় বিষয়ে তাদের মতামত নেওয়া হয়। | (ক) প্রকল্প প্রস্তাব (ডিপিপি/টিএপিপি/টিপিপি) পর্যালোচনার ক্ষেত্রে প্রধান লক্ষ্যণীয় বিষয়সমূহ যেমন: ব্যয় বিভাজনের পর্যালোচনা, ক্রয় পরিকল্পনা, পরামর্শকের প্রয়োজনীয়তা ও টিওআর, হালনাগাদ রেট শিডিউল অনুযায়ী পূর্তকাজের ব্যয় বিভাজন ইত্যাদি বিষয় নিবিড়ভাবে পর্যবেক্ষণ করতে হবে।<br>(খ) ব্লক নং-১০, কক্ষ নং-৩ এ অবস্থিত কনফারেন্স রুমের সংস্কার, পর্যাপ্ত আলোর ব্যবস্থা গ্রহণ, অনলাইন ভিডিও কনফারেন্সিং সিস্টেম zoom এর মাধ্যমে সভা আয়োজনের ব্যবস্থা করার জন্য পরিকল্পনা বিভাগকে পত্র দিতে হবে।<br>(গ) কর্মকর্তাদের চাহিদা অনুযায়ী অফিসের ব্যবহার সামগ্রি সরবরাহ করার জন্য পরিকল্পনা বিভাগকে পত্র দিতে হবে।<br>(ঘ) অফিসে প্লাস্টিক সামগ্রী ব্যবহার নিষিদ্ধ করার বিষয়ে সরকারি নির্দেশনা উল্লেখ করে পরিবেশ বান্ধব সামগ্রী সরবরাহের জন্য পরিকল্পনা বিভাগকে পত্র দিতে হবে।<br>(ঙ) শিল্প ও শক্তি বিভাগে কর্মরত কর্মকর্তাগণের বিপরীতে সহায়ক কর্মচারীর সংখ্যা অপ্রতুল হওয়ায় দাপ্তরিক কাজ বাধাগ্রস্থ হচ্ছে। এ প্রেক্ষিতে প্রয়োজনীয় সংখ্যক সহায়ক কর্মচারী পদায়নের অনুরোধ জানিয়ে পরিকল্পনা বিভাগে পত্র প্রেরণ করতে হবে | সকল অনুবিভাগ<br><br>শিল্প ও সমন্বয় অনুবিভাগ |

অত:পর আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. নুরুন্নাহার চৌধুরী)
সদস্য (সচিব)
শিল্প ও শক্তি বিভাগ
পরিকল্পনা কমিশন